

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.৪০০.৯৯.০১১.২১.৮৭

তারিখ: ৩ পৌষ ১৪২৮
১৮ ডিসেম্বর ২০২১

বিষয়: সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শীতকালীন ছুটি পুন: নির্ধারন।

সূত্র: প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং ৩৮.০০৭.০৩৩.০০৪.৪৬.০০.২০১০/২০, তারিখ: ১৮/১২/২০২১খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ছুটির তালিকাসহ বর্ষপঞ্জি ২০২১ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে মুদ্রণ ও মাঠপর্যায়ে বিতরণ করা হয়। উক্ত বর্ষপঞ্জিতে যিশু খ্রিস্টের জন্মদিন (বড় দিন) ও শীতকালীন অবকাশ ১৯-২৯ ডিসেম্বর ২০২১ উল্লেখ রয়েছে। দেশে কোভিড-১৯ প্রাদুর্ভাবের কারণে দীর্ঘদিন বিদ্যালয় বন্ধ থাকার পর ১২ সেপ্টেম্বর ২০২১খ্রি: তারিখ হতে সীমিত আকারে স্বাস্থ্যবিধি মেনে পুনরায় শ্রেণিকার্যক্রম চালু করা হয়েছে। বিদ্যালয়ের শিক্ষার্থীদের শিখন ঘাটতি দূরীকরণের জন্য এনসিটিবি, নেপ ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের যৌথ উদ্যোগে পুনর্বিন্যস্ত ARLP ও ব্লেন্ডেড রুটিন (অনলাইন, সরাসরি, রেডিও এবং টেলিভিশন এর মাধ্যমে) প্রণয়ন করা হয়েছে। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এর অনুমোদনক্রমে এ পুনর্বিন্যস্ত ARLP ও ব্লেন্ডেড রুটিন অনুসরণে সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহে শিখন শেখানো কার্যক্রম চলমান রয়েছে। পুনর্বিন্যস্ত ARLP ও ব্লেন্ডেড রুটিন অনুসারে আগামী ২৩ ডিসেম্বর ২০২১খ্রি: পর্যন্ত বিদ্যালয়ের শ্রেণি পাঠদান কার্যক্রম চলমান থাকবে।

২। এমতাবস্থায়, যিশু খ্রিস্টের জন্মদিন (বড় দিন) ও শীতকালীন ছুটি পালনের জন্য ২৪-২৯ ডিসেম্বর ২০২১ তারিখ পর্যন্ত সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহ বন্ধ থাকবে।

৩। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৮-১২-২০২১

মনীষ চাকমা

পরিচালক

বিতরণ :

১) উপপরিচালক,

খুলনা/রংপুর/সিলেট/চট্টগ্রাম/রাজশাহী/বরিশাল

২) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)

৩) সুপারিনটেনডেন্ট (সকল), প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণ

ইন্সটিটিউট (পিটিআই)


৪) উপজেলা শিক্ষা অফিসার (সকল)

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.৪০০.৯৯.০১১.২১.৮৭/১(১৬)

তারিখ: ৩ পৌষ ১৪২৮
১৮ ডিসেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ)
- ২) চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড
- ৩) পরিচালক (সকল)
- ৪) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় [প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য]
- ৫) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় [সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য]
- ৬) উপসচিব, বিদ্যালয়-২ শাখা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
- ৭) ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার (সকল), উপজেলা শিক্ষা অফিসার সকল, উপজেলা:
....., জেলা:
- ৮) সহকারী শিক্ষা অফিসার, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর [অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]
- ৯) সহকারী শিক্ষা অফিসার (রুটিন দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালক (পিইডিপি৪), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর [অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]
- ১০) ব্যক্তিগত সহকারী, মহাপরিচালকের দপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর



১৮-১২-২০২১

নাসরিন সুলতানা
সহকারী পরিচালক